



ইসরায়েলি হামলার আশঙ্কায় ইরানের আকাশসীমা বন্ধ



সংগৃহীত ছবি

সম্ভাব্য ইসরায়েলি পাল্টা হামলার আশঙ্কায় দেশের পশ্চিমাঞ্চলের আকাশসীমা সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে ইরান। একই সঙ্গে নিরাপত্তা ঝুঁকির কারণে ইরাক ও সিরিয়াও তাদের আকাশসীমায় বিমান চলাচলে সীমাবদ্ধতা আরোপ করেছে।

ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কোর (আইআরজিসি) সতর্ক করে জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা অব্যাহত থাকলে আরও বড় ধরনের জবাব দেওয়া হবে। সংগঠনটির দাবি, যুদ্ধবিরতির শর্ত ভঙ্গ করেই ইরানের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন এলাকায় হামলা চালানো হয়েছে।

এদিকে ইসরায়েলও কঠোর প্রতিক্রিয়ার হুঁশিয়ারি দিয়েছে। দেশটির সামরিক বাহিনীর দাবি, ইরান থেকে ছোড়া একাধিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত করা হয়েছে এবং এতে বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়নি।

অন্যদিকে আইআরজিসি দাবি করেছে, তারা উত্তর ইসরায়েলের রামাত ডেভিড বিমানঘাঁটিকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। মধ্যপ্রাচ্যে পাল্টাপাল্টা হুমকি ও সামরিক উত্তেজনায় পরিস্থিতি আরও জটিল হয়ে উঠছে।